# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭
# বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা
## সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

**১. আল্লাহর কোন গুণে উদ্বুদ্ধ হয়ে তাঁর সৃষ্টিকে মানুষ যথাসাধ্য লালন পালন করেন?**
(ক) রব (খ) রাজ্জাক (গ) খালিক (ঘ) সাত্তার

**২. আল্লাহ বিষধর সাপকেও খাবার দেন, কারণ তিনি—**
(ক) গাফুর (খ) রাজ্জাক (গ) খালিক (ঘ) হালীম

**৩. অতি গোপনেও অন্যায় কিছু বলব না, কারণ আল্লাহ—**
(ক) সামীউন (খ) বাসিরুন (গ) হালিমুন (ঘ) আলীমুন

**৪. ভালো কাজ করলে আখিরাতে পাওয়া যাবে—**
(ক) দুধের নহর (খ) মধুর নহর (গ) চিরশান্তি (ঘ) আমলনামা

**৫. কবরের আজাব হতে রক্ষা পাওয়ার উপায়—**
(ক) সওয়াল-জওয়াব জানা (খ) পাপ থেকে বিরত রাখা
(গ) কুরআন শরিফ পড়া (ঘ) কুরবানি করা

**৬. জাহান্নামের ভয়ংকর শাস্তি থেকে রক্ষা পেতে আমরা প্রথমে—**
(ক) আমানতদার হব (খ) দানশীল হব
(গ) সত্যবাদী হব (ঘ) ইমানদার হব

**৭. পরকালে জান্নাত পেতে তুমি অবশ্যই যা কর—**
(ক) দান (খ) গজল শুনি
(গ) অধিক নেক কাজ (ঘ) মুনাজাত

**৮. কবরে তিনটি প্রশ্নের সঠিক উত্তর দিতে প্রয়োজন—**
(ক) জুমআর নামাজ পড়া (খ) দান খয়রাত করা
(গ) রমজানের রোজা রাখা (ঘ) কুরআনের নির্দেশ মানা

**৯. বিসমিল্লাহ বলে যাত্রা শুরু করব কেন?**
(ক) আয়ু বৃদ্ধির জন্য (খ) দ্রুত পৌছাতে
(গ) বিপদ থেকে রক্ষা পেতে (ঘ) গন্তব্যে পৌছাতে

**১০. আল্লাহর সহিত সরাসরি যোগাযোগের শ্রেষ্ঠ ইবাদত—**
(ক) সাওম (খ) সালাত (গ) হজ (ঘ) যাকাত

https://teachingbd24.com

১১. হাশরের দিন আল্লাহ্‌র অনুগ্রহ পেতে তুমি যে পথ অনুসরণ কর–
(ক) হাজিদের (খ) শিক্ষকের (গ) ইমামের (ঘ) দীনের

১২. সালাত আদায়ে মহানবি (স.) -এর শেখানো নিয়ম অনুসরণ করব, কারণ তা–
(ক) সুন্নত (খ) নফল (গ) ওয়াজিব (ঘ) ফরজ

১৩. সমাজে শান্তি বিরাজমান রাখার প্রকৃষ্ট পন্থা–
(ক) দুর্নীতিরোধ (খ) চুরিরোধ
(গ) সততা চর্চা (ঘ) সময়ানুবর্তিতা

১৪. কোন কাজটি নিয়মিত আদায় করলে মানুষের পাপের আশঙ্কা থাকবে না?
(ক) শুধু জুমআর নামাজ (খ) জানাযার নামাজ
(গ) শুধু ঈদের নামাজ (ঘ) পাঁচ ওয়াক্ত নামাজ

১৫. বিতর সালাত আদায়ে দোয়া কুনুত বাদ পড়লে তুমি কোন কাজটি করবে?
(ক) রুকু করব (খ) সিজদা করব
(গ) সালাম ফিরাব (ঘ) সাহু সিজদাহ দিব

১৬. অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে মুসলমান হিসেবে তোমার করণীয়–
(ক) জরিমানা আদায় (খ) শাস্তি প্রদান
(গ) এড়িয়ে যাওয়া (ঘ) সহিষ্ণু হওয়া

১৭. অতি বিনয় ও বিনম্রভাবে আমরা কোথায় হাজির হব?
(ক) বিদ্যালয়ে (খ) মাদরাসায়
(গ) মসজিদে (ঘ) এতিমখানায়

১৮. নিজেকে উত্তম হিসেবে প্রতিষ্ঠিত করতে প্রয়োজন–
(ক) অর্থ (খ) চাকরি (গ) সদাচার (ঘ) সৌন্দর্য

১৯. ধনী-দরিদ্র সকল মুসলমান ফরজ হিসেবে পালন করি–
(ক) হজ (খ) যাকাত (গ) সালাত (ঘ) কুরবানি

২০. শুদ্ধভাবে কুরআন তিলাওয়াতের জন্য অবশ্যই জানতে হবে–
(ক) মাদ্দ (খ) গুন্নাহ (গ) তাজবিদ (ঘ) মাখরাজ

২১. 'ওয়া আরসালা আলাইহিম তায়রান আবাবিল' এখানে 'আবাবিল'–
(ক) মাছ (খ) পাখি (গ) গরু (ঘ) হাতি

২২. সূরা 'আল কুরাইশ' এ আল্লাহ 'কুরাইশ' বলতে বুঝিয়েছেন–
(ক) ব্যক্তিকে (খ) জাতিকে (গ) বংশকে (ঘ) ভীতিকারীকে

২৩. সর্বোত্তম পরিচ্ছন্নতার জন্য তুমি যা কর–
(ক) ওযু (খ) গোসল (গ) মিসওয়াক (ঘ) তায়াম্মুম

২৪. হযরত ঈসা (আ.) হত্যার ঘৃণ্য ষড়যন্ত্র থেকে কীভাবে রক্ষা পেলেন?
(ক) আসমানে স্থান পেয়ে (খ) ভয়ে পালিয়ে গিয়ে
(গ) আত্মসমর্পণ করে (ঘ) শত্রুরা ছেড়ে দিলে

https://teachingbd24.com

২৫. আগুনে পুড়িয়ে মারার সিদ্ধান্তে হযরত ইবরাহীম (আ.) অবিচল ছিলেন কেন?
(ক) তিনি যাদু জানতেন
(খ) ইমানি শক্তিকে বলীয়ান
(গ) আগুনের তাপ কম ছিল
(ঘ) পিতা তাঁকে বাঁচাবেন

২৬. আজাজিল জিন আদম (আ.) কে সিজদাহ করেনি, কারণ সে ছিল—
(ক) বুদ্ধিমান
(খ) অহংকারী
(গ) অভিশপ্ত
(ঘ) মাটির তৈরি

২৭. আখলাকের দৃষ্টান্ত স্থাপনে তুমি কী কর?
(ক) মিতব্যয়ী হই
(খ) পরিষ্কার-পরিচ্ছন্ন থাকি
(গ) সত্য কথা বলি
(ঘ) হালাল খাবার খাই

২৮. মহানবি (স.)-এর ১০ম হিজরির হজকে বিদায় হজ বলা হয় কেন?
(ক) আর হজ করার সুযোগ হয়নি
(খ) মক্কানগরী বিজয় করেছেন
(গ) আর হজ করার দরকার নাই
(ঘ) মক্কা ছেড়ে মদিনায় চলে গেলেন

২৯. হযরত সুলায়মান (আ.) বিচার প্রার্থীদ্বয়ের দাবিকৃত শিশুটিকে দ্বিখণ্ডিত করতে চাইলেন কেন?
(ক) সমান ভাগ করতে
(খ) ঝগড়া থামাতে
(গ) ন্যায়বিচার প্রতিষ্ঠায়
(ঘ) রাগান্বিত হয়ে

৩০. মহানবি (স.) ইনসাফ ও ত্যাগের দৃষ্টান্ত স্থাপন করেন—
(ক) শৈশবেই
(খ) কৈশোরে
(গ) যৌবনে
(ঘ) বার্ধক্যে

৩১. সহপাঠী তোমার সাথে অন্যায় আচরণ করলে তুমি যে গুণটি প্রদর্শন কর—
(ক) ক্ষমা
(খ) সততা
(গ) নিষ্ঠুরতা
(ঘ) বিচক্ষণতা

৩২. তোমার জন্মভূমি শত্রু দ্বারা আক্রান্ত হলে তুমি যা করবে—
(ক) আত্মগোপন
(খ) পালিয়ে যাব
(গ) রক্ষার চেষ্টা
(ঘ) নীরব থাকব

৩৩. ঘূর্ণিঝড়ের সময় বন্ধুর বাড়ি ভেঙে গেলে তুমি যা করবে—
(ক) সহায়তা
(খ) দুশ্চিন্তা
(গ) পরামর্শ
(ঘ) কান্নাকাটি

৩৪. সূরা 'আল-ফিল' সালাতে পড়তে চাইলে কখন পড়বে?
(ক) ছানা পাঠের পূর্বে
(খ) সূরা ফাতিহার পরে
(গ) ছানা পাঠের পরে
(ঘ) সূরা ফাতিহার পূর্বে

৩৫. শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতে হলে আয়াত শেষে তোয়া (ط) চিহ্ন দেখলে তুমি কী কর?
(ক) থেমে যাই
(খ) মিলিয়ে পড়ি
(গ) পড়তে থাকি
(ঘ) দমে না কুলালে থামি

৩৬. হযরত ইবরাহীম (আ.) -এর আদর্শ প্রতিষ্ঠায় গরিব দুঃখিদের খুশি করতে কী কর?
(ক) পরামর্শ দেই
(খ) বই উপহার দেই
(গ) উৎকৃষ্ট বস্তু দান করি
(ঘ) কম মূল্যের জিনিস দান করি

https://teachingbd24.com

৩৭. তুমি ক্ষুদে ডাক্তারের দায়িত্ব পেলে কীভাবে তা পালন করবে?

(ক) হেসে খেলে (খ) সুযোগ বুঝে

(গ) দ্রুততার সাথে (ঘ) সততার সাথে

৩৮. রিফাতের ছোট বোন সবসময় অসহিষ্ণু আচরণ করে। এক্ষেত্রে তার বোনকে সে কোন গুণে উদ্বুদ্ধ করবে?

(ক) ক্ষমাশীলতা (খ) সহনশীলতা

(গ) বিচক্ষণতা (ঘ) উদারতা

৩৯. তোমার সহপাঠী কেউ পেনসিল কুড়িয়ে পেল, তা তোমার না হলে কী করবে?

(ক) দাবি জানাবে (খ) মালিককে খুঁজবে

(গ) ফেলে দিবে (ঘ) কিছুই করবে না

৪০. কেউ অসাবধানতাবশত পানির ট্যাপ পুরোপুরি বন্ধ না করলে তুমি কী করবে?

(ক) বড়দের জানাব (খ) নিজে বন্ধ করব

(গ) বন্ধুকে বলব (ঘ) এড়িয়ে যাব

৪১. আল্লাহর কাছে কুরবানির কী পৌঁছায়?

(ক) গোশত (খ) রক্ত (গ) চামড়া (ঘ) তাকওয়া

৪২. সালাতের নিষিদ্ধ সময় কয়টি?

(ক) তিনটি (খ) চারটি (গ) পাঁচটি (ঘ) সাতটি.

৪৩. হযরত ইবরাহীম (আ.) -এর পিতার নাম কী?

(ক) আজম (খ) হাতেম (গ) আজর (ঘ) আমর

৪৪. আল্লাহ তায়ালা হযরত ঈসা (আ.) -এর উপর কোন কিতাব নাজেল করেন?

(ক) কুরআন (খ) তাওরাত

(গ) ইনজিল (ঘ) যাবুর

৪৫. ঐতিহাসিক মক্কা বিজয় হয় হিজরি কত সালে?

(ক) দশম (খ) দ্বাদশ

(গ) সপ্তম (ঘ) অষ্টম

৪৬. পবিত্র কুরআন মজিদে কত জন নবির নাম উল্লেখ আছে?

(ক) ৩৫ জন (খ) ২৭ জন (গ) ২৫ জন (ঘ) ১০ জন

৪৭. গুন্নাহর হরফ কয়টি?

(ক) ২টি (খ) ৩টি (গ) ৫টি (ঘ) ৭টি

৪৮. এশার নামাজে ফরজ কয় রাকআত?

(ক) ২ রাকআত (খ) ৩ রাকআত (গ) ৪ রাকআত (ঘ) ৫ রাকআত

৪৯. সন্তান জন্মের কততম দিনে আকিকা দেওয়া উত্তম?

(ক) পঞ্চম (খ) ষষ্ঠ (গ) সপ্তম (ঘ) অষ্টম

৫০. শুদ্ধভাবে কুরআন মজিদ তিলাওয়াতের নিয়মকে বলে—

(ক) মাখরাজ (খ) তাজবিদ (গ) ওয়াক্ফ (ঘ) গুন্নাহ

Teachingbd24.com

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) কীভাবে আল্লাহ বিশুদ্ধ পানির ব্যবস্থা করেন?

(খ) রাসুলদের প্রতি বিশ্বাস স্থাপন করবে কেন?

(গ) কী এমন ইবাদত আছে যার মাধ্যমে মুসলিম বিশ্বের লাখো মুসলিমদের সাথে পরিচয়ের সুযোগ ঘটে?

(ঘ) তিলাওয়াতের ক্ষেত্রে গুন্নাহ করা অপরিহার্য কেন?

(ঙ) কীসের মাধ্যমে নবি-রাসুলগণ জ্ঞান লাভ করেছেন?

(চ) খাদিজা (রা.) কেন মহানবি (স.) -এর প্রতি মুগ্ধ ছিলেন?

(ছ) আমলনামায় পুণ্য বাড়াতে তুমি কী কর?

(জ) আখিরাতের জীবন সম্পর্কে তোমার ছোট ভাইকে দেওয়া একটি উপদেশ লেখ।

(ঝ) কেউ তোমার ক্ষতি করলে তুমি কী করবে?

(ঞ) কারো কাছ থেকে ধার নিলে তুমি কী করবে?

(ট) আমরা কী বলে আল্লাহর শোকর আদায় করব?

(ঠ) পৃথিবীর আদি মানব কে ছিলেন?

(ড) সাওমের মাসকে ফজিলতের দিক দিয়ে কয়ভাগে বিভক্ত করা হয়েছে?

(ঢ) আমাদের দ্বীনের নাম কী?

(ণ) ইসলামের রুকন কয়টি?

৩। **(ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে একটি নিয়ে মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) যাকাত আদায়ের পাঁচটি উপকারিতা লেখ। ৫

(খ) হযরত নূহ (আ.) কত দিন আল্লাহর দ্বীনের দাওয়াত দেন? তাঁর সময় আল্লাহর গজবের চারটি কারণ লেখ। ১ + ৪ = ৫

(গ) হযরত দাউদ (আ.)-কে সুশাসক বলব কেন? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(ঘ) তুমি কীভাবে মসজিদের আদব রক্ষা কর? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঙ) সৃষ্টির সেবার জন্য যে কাজগুলো কর, পাঁচটি বাক্যে লেখ। ৫

(চ) তাজবিদ কী? মাখরাজের চারটি ব্যবহার লেখ। ১ + ৪ = ৫

(ছ) সদাচার কী? সকলের ঘৃণা হতে রক্ষা পেতে তুমি কী কর? চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

(জ) মহানবি (স.) -কে কেন আল-আমিন বলা হয়? তাঁর আদর্শ অনুসরণে তুমি যা কর চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

(ঝ) মদিনার সনদ কী? এর চারটি ধারা উল্লেখ কর। ১ + ৪ = ৫

(ঞ) কী কী উপায়ে দেশের প্রতি ভালোবাসা প্রকাশ করা যায় তা পাঁচটি বাক্যে লেখ। ৫

Teachingbd24.com

https://teachingbd24.com